

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং - ০৪

এপ্রিল ১১, ২০১১
তারিখ :-----
চৈত্র ২৮, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক

প্রিয় মহোদয়,

মুক্তিযোদ্ধাদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে ।

মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ব্যাংক একাউন্টের মাধ্যমে প্রদানের লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জাতীয় পরিচয় পত্র ও ‘মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধ বহি’ এর বিপরীতে মুক্তিযোদ্ধাগণ ১০(দশ) টাকা জমা প্রদান পূর্বক ব্যাংক হিসাব খুলতে পারবেন। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং এ সকল হিসাব হতে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

এমতাবস্থায়, মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান ও তাদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫